# সরকারি শিশু পরিবার

রাজবাটী, দিনাজপুর

স্থাপিত-১৯৫৯

## এক নজরে প্রতিবেদন/২০২৪।

*ভূমিকাঃ* সমাজসেবা অধিদফতর অন্যতম জাতি গঠনমূলক প্রতিষ্ঠান হিসেবে শিশুকল্যাণ ও উন্নয়নে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছে । শিশুদের কল্যাণ এবং উন্নয়নের ক্ষেত্রে প্রচলিত আইন, সাংবিধানিক অঙ্গিকার, জাতীয় এবং আন্তর্জাতিক প্রতিশ্রুতিকে বাস্তবায়নে সমাজসেবা অধিদফতর অত্যন্ত সংবেদনশীল এবং গুরুত্বপূর্ণ বিবেচনা করে শিশু কল্যাণ ও উন্নয়নের জন্য টেকসই কর্মসূচী বাস্তবায়ন করে যাচ্ছে । গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর পবিত্র সংবিধানে রাষ্ট্র পরিচালনার মূলনীতির ১৫ এবং ১৭ নং অনুচ্ছেদের বিধান মতে রাষ্ট্রের সকল শিশুর মৌলিক অধিকার এবং অবৈতনিক শিক্ষা লাভের অধিকার সুস্পষ্টভাবে বিধৃত রয়েছে । সংবিধানের ১৫ (ঘ) অনুচ্ছেদে পিতৃ-মাতৃহীন এতিম শিশুদের জন্য রয়েছে সামাজিক নিরাপত্তা প্রদানের সুস্পষ্ট অঙ্গিকার । জাতিসংঘ ঘোষিত শিশু অধিকার সনদের প্রথম অনুস্বাক্ষরকারী দেশের মধ্যে বাংলাদেশ অন্যতম ।

শিশুদের প্রতি জাতীয় ও আন্তর্জাতিক প্রতিশ্রুতি বাস্তবায়ন এবং সমাজকল্যাণ দর্শনের আদর্শে ব্রতী হয়ে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতর পিতৃহীন কিংবা পিতৃ-মাতৃহীন দুঃস্থ এতিম শিশুদের স্নেহ ভালবাসা ও আদর যত্নে লালন পালনসহ তাদের প্রযত্ন, শিক্ষা, স্বাস্থ্য, নিরাপত্তা, প্রশিক্ষণ, চিত্তবিনোদন এবং পূনর্বাসনের জন্য সরকারি শিশু পরিবার পরিচালনা করে আসছে। ১৯৬১ সালে শিক্ষা দফতর হতে State Orphanage গুলোর পরিচালনার দায়িত্ব সমাজকল্যাণ পরিদফতরে ন্যস্ত করা হয় । উক্ত State Orphanage বা সরকারি এতিমখানা গুলোকে পরবর্তীতে সরকারি শিশু সদন হিসেবে নামকরণ করা হয় । বর্তমানে পারিবারিক পরিবেশে এতিম শিশুদের ছোট ছোট দলে বিভক্ত করে সার্বক্ষণিক তত্ত্বাবধান ও সাহচর্য প্রদানের মাধ্যমে প্রতিপালনের জন্য শিশু সদনসমূহকে সরকারি শিশু পরিবারে রূপান্তর করা হয়েছে । ১৯৪৪ সালের এতিমখানা এবং বিধবা সদন আইন, ২০১৩ সালের শিশু আইনের বিধান মোতাবেক পিতৃ-মাতৃহীন এতিম ও দুঃস্থ শিশুদের পূর্ণ মর্যাদা প্রদান, তাদের অধিকার এবং স্বার্থ সংরক্ষন বিষয়ে যথাযথ গুরুত্ব দেয়া হচ্ছে।

*দিনাজপুর সরকারি শিশু পরিবারের অবস্থান ঃ-*

সরকারি শিশু পরিবার (বালক), রাজবাটী, দিনাজপুর ঐতিহ্যবাহী দিনাজপুরের রাজবাটী এলাকার ঐতিহাসিক মহারাজার প্রাসাদ ভবনের পার্শ্বে অবস্থিত । সামনে রয়েছে কয়েকটি সুউচ্চ পাম গাছ, বড় মাঠ ও চাপাতলী পুকুর, পিছনে আম, জাম, লিচু অন্যান্য গাছসহ রাণী মহল ও রাণী পুকুর। তার পশ্চিম পার্শ্বে রয়েছে কীর্তিমান দেবোত্তর এর সিংহদার ও পুজা মন্ডপ । পূর্বে রয়েছে পদ্মপুকুর ও শুখ সাগর । যা মহারাজার স্মৃতি বহন করছে । সুন্দর আবহাওয়া ও মনোরম প্রাকৃতিক পরিবেশে এই শিশু পরিবারটির অবস্থান।

# এক নজরে সরকারি শিশু পরিবার (বালক), রাজবাটী, দিনাজপুর ঃ

১। সরকারি শিশু সদন প্রতিষ্ঠা ঃ ১৯৫৯ খ্রিঃ
২। শিশু পরিবারে রূপান্তর ঃ ২১/০১/১৯৮৮ খ্রিঃ
৩। নিবাসীর আসন সংখ্যা ঃ ১৭৫ জন ।
৪। আবাদী জমি ঃ ৩.০০ একর ।
৫। অনাবাদী জমি ঃ ১২.৯২ একর তন্মধ্যে
৬। প্রতিষ্ঠানের অবকাঠামো ঃ (১) নিবাসীদের নতুন নির্মিত আবাসিক ভবন।
(৫ম তলা ও ৪র্থ তলা)।
(২) ডরমেটরী ভবন নং-২, দুই তলা বিশিষ্ট (বর্তমানে শান্তি নিবাস)
(৩) কম্পিউটার ভবন-১টি
(৪) টিনসেড-১টি
(৫) উপতত্ত্বাবধায়কের বাস ভবন-১টি
৭। শিশু পরিবারের জনবল ঃ (১) কর্মকর্তা-০১ জন
(২) কর্মচারী-২৩ জন

## ৮। সরকারি শিশু পরিবারের কর্মকর্তা/কর্মচারীদের বিবরণ ঃ

| ক্রমিক নং | পদের নাম | মঞ্জুরীকৃত পদ | কর্মরত পদের সংখ্যা | শূণ্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | উপতত্ত্বাবধায়ক | ১ টি | ১ জন | -- | |
| ২ | সহকারী তত্ত্বাবধায়ক-যুক্ত-শিক্ষক | ১ টি | ১ জন | -- | |
| ৩ | কারিগরী প্রশিক্ষক | ৩ টি | ৩ জন | -- | |
| ৪ | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ১ টি | ১ জন | -- | |
| ৫ | বড় ভাইয়া | ৮ টি | ৮ জন | -- | |
| ৬ | কম্পাউন্ডার | ১ টি | -- | ১ টি | “কম্পাউন্ডার” পদটি পদোন্নতি হওয়ার কারণে শূণ্য। |
| ৭ | খন্ডকালীন চিকিৎসক | ১ টি | ১ জন | -- | |
| ৮ | অফিস সহায়ক | ৬ টি | ৫ জন | ১ টি | |
| ৯ | কুক (বাবুর্চি) | ২ টি | ২ জন | -- | |
| | মোট= | ২৪ টি | ২২ জন | ২ টি | |

## ৯। পরিবার ভিত্তিক নিবাসীর সংখ্যা ঃ-

| ক্রমিক নং | পরিবার | আসন সংখ্যা | বর্তমান নিবাসীর সংখা | শূন্য আসন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | শিমুল | ৩৩ টি | ২৯ জন | ০৪ টি | শূন্য আসনের বিপরীতে ভর্তি প্রক্রিয়াধীন রয়েছে। |
| ০২ | জবা | ৩৩ টি | ১৮ জন | ১৫ টি | |
| ০৩ | শাপলা | ৩৩ টি | ৩৩ জন | ০০ টি | |
| ০৪ | গোলাপ | ৩৩ টি | ১৬ জন | ১৭ টি | |
| ০৫ | মাধবী | ৩৩ টি | ১৮ জন | ১৫ টি | |
| ০৬ | প্রবীন | ১০ টি | ০০ জন | ১০ টি | |
| | সর্বমোট | ১৭৫ টি | ১১৪ জন | ৬১ টি | |

## ১০। নিবাসীদের মাথা পিছু মাসিক বরাদ্দের পরিমান ৪০০০/-টাকার বিভাজনঃ-

| ক্রমিক নং | খাতের নাম | বর্তমান হার |
|---|---|---|
| ০১ | খাদ্য, জ্বালানী ও দুধ বাবদ | ৩,০০০/- |
| ০২ | শিক্ষা সহায়ক উপকরণ ও খেলাধূলার সামগ্রী (সকল ধরনের খন্ডকালীন শিক্ষক ভাতাসহ) | ৩০০/- |
| ০৩ | প্রশিক্ষণ | ১০০/- |
| ০৪ | সাধারণ পোষাক-পরিচ্ছদ | ৩৫০/- |
| ০৫ | চিকিৎসা | ১০০/- |
| ০৬ | তৈল, সাবান, প্রসাধনী, ফিনাইল, Bleeching পাউডার ইত্যাদি | ১৫০/- |
| | মোট বরাদ্দ = | ৪,০০০/- |

## শ্রেণী ভিত্তিক নিবাসীর তালিকা ঃ

| ক্রমিক নং | শ্রেণীর বিবরণ | নিবাসীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ১ম শ্রেণী | ১২ জন | |
| ০২ | ২য় শ্রেণী | ০৬ জন | |
| ০৩ | ৩য় শ্রেণী | ১৩ জন | |
| ০৪ | ৪র্থ শ্রেণী | ০৮ জন | |
| ০৫ | ৫ম শ্রেণী | ১৭ জন | |
| ০৬ | ৬ষ্ঠ শ্রেণী | ১১ জন | |
| ০৭ | ৭ম শ্রেণী | ১১ জন | |
| ০৮ | ৮ম শ্রেণী | ০৪ জন | |
| ০৯ | ৯ম শ্রেণী | ০৫ জন | |
| ১০ | ১০ম শ্রেণী | ০৫ জন | |
| ১১ | এসএসসি পরীক্ষা/২০২৪ | ০৯ জন | |
| ১২ | দ্বাদশ/কলেজ শ্রেণী | ১৩ জন | |
| | মোট = | ১১৪ জন | |

## বিগত বছরে শিক্ষার অগ্রগতি ঃ

### বৃত্তি প্রাপ্ত নিবাসীর তথ্য ঃ-

| ক্রমিক নং | শ্রেণীর বিবরন | সন | নিবাসীর সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ৫ম শ্রেণী | ২০০৪ | ১ জন |
| ২ | ৫ম শ্রেণী | ২০০৫ | ২ জন |
| ৩ | ৫ম শ্রেণী | ২০০৬ | ১ জন |
| ৪ | ৫ম শ্রেণী | ২০০৮ | ২ জন |
| ৫ | ৮ম শ্রেণী | ২০০৮ | ১ জন |
| ৬ | ৫ম শ্রেণী | ২০১০ | ১ জন |

# বিগত ১০ বছরে ৫ম শ্রেণী সমাপনী(পি,এস,সি)এর পরীক্ষার ফলাফলের তথ্যঃ

| ক্রমিক নং | সন | পরীক্ষার্থীর সংখ্যা | উত্তীর্ণের সংখ্যা | পাশের সংখ্যা ও প্রাপ্ত গ্রেড | পাশের হার |
|---|---|---|---|---|---|
| ১ | ২০১২ | ১৫ জন | ১৫ জন | গ্রেড-এ= ৩ জন<br>গ্রেড-এ- =৬ জন<br>গ্রেড-বি= ৩ জন<br>গ্রেড-সি= ৩ জন | ১০০% |
| ২ | ২০১৩ | ৮ জন | ৮ জন | গ্রেড-এ+=১ জন<br>গ্রেড-এ= ৬ জন<br>গ্রেড-এ- =১ জন | ১০০% |
| ৩ | ২০১৪ | ১৪ জন | ১৪ জন | গ্রেড-এ =৬ জন<br>গ্রেড-বি= ৪ জন<br>গ্রেড-সি= ৪ জন | ১০০% |
| ৪ | ২০১৫ | ১৭ জন | ১৭ জন | গ্রেড-এ =৭ জন<br>গ্রেড-এ(-)=৫ জন<br>গ্রেড-বি=২ জন<br>গ্রেড-সি=৩ জন | ১০০% |
| ৫ | ২০১৬ | ১২ জন | ১২ জন | গ্রেড-এ =৫ জন<br>গ্রেড-এ(-)=৪ জন<br>গ্রেড-বি=১ জন<br>গ্রেড-সি=২ জন | ১০০% |
| ৬ | ২০১৭ | ১২ জন | ১২ জন | গ্রেড-এ =৪ জন<br>গ্রেড-এ(-)=৪ জন<br>গ্রেড-বি=২ জন<br>গ্রেড-সি=১ জন<br>গ্রেড-ডি=১ জন | ১০০% |
| ৭ | ২০১৮ | ১১ জন | ১১ জন | গ্রেড-এ =১ জন<br>গ্রেড-এ(-)=৪ জন<br>গ্রেড-এ=২ জন<br>গ্রেড-বি=৩ জন<br>গ্রেড-ডি=১ জন | ১০০% |
| ৮ | ২০১৯ | ০৮ জন | ০৮ জন | গ্রেড-এ+=২ জন<br>গ্রেড-এ =৩ জন<br>গ্রেড-এ(-)=৩ জন | ১০০% |
| ৯ | ২০20 | ১১ জন | ১১ জন | অটো পাশ | ১০০% |
| ১০ | ২০২১ | ৭ জন | ৭ জন | অটো পাশ | ১০০% |

## বিগত ১০ বছরে ৮ম শ্রেণী (জে,এস,সি) এর পরীক্ষার ফলাফলের তথ্যঃ

| ক্রমিক নং | সন | পরীক্ষার্থীর সংখ্যা | উত্তীর্ণের সংখ্যা | পাশের সংখ্যা ও প্রাপ্ত গ্রেড | পাশের হার |
|---|---|---|---|---|---|
| ১ | ২০১২ | ৬ জন | ৬ জন | গ্রেড-এ= ১ জন<br>গ্রেড-এ- =১ জন<br>গ্রেড-বি= ২ জন<br>গ্রেড-সি= ২ জন | ১০০% |
| ২ | ২০১৩ | ১৩ জন | ১৩ জন | গ্রেড-এ+=১ জন<br>গ্রেড-এ= ৪ জন<br>গ্রেড-এ- =৬ জন<br>গ্রেড-বি= ২ জন | ১০০% |
| ৩ | ২০১৪ | ১৫ জন | ১৫ জন | গ্রেড-এ= ৩ জন<br>গ্রেড-এ- =৩ জন<br>গ্রেড-বি= ৪ জন<br>গ্রেড-সি= ৫ জন | ১০০% |
| ৪ | ২০১৫ | ১৩ জন | ১৩ জন | গ্রেড-এ=৫ জন<br>গ্রেড-এ- =৫ জন<br>গ্রেড-বি= ২ জন<br>গ্রেড-সি-১ জন | ১০০% |
| ৫ | ২০১৬ | ৭ জন | ৬ জন | গ্রেড-এ+= ১ জন<br>গ্রেড-এ- =২ জন<br>গ্রেড-বি= ২ জন<br>গ্রেড-সি=১ জন | ৮৬% |
| ৬ | ২০১৭ | ০৭ জন | ০৬ জন | গ্রেড-এ = ৩ জন<br>গ্রেড-এ(-)=৩ জন | ৮৬% |
| ৭ | ২০১৮ | ১৩ জন | ০৯ জন | গ্রেড-এ = ১ জন<br>গ্রেড-সি=৫ জন<br>গ্রেড-ডি= ৪ জন<br>গ্রেড-ডি= ৩ জন | ৭০% |
| ৮ | ২০১৯ | ৬ জন | ০৫ জন | গ্রেড-এ = ২ জন<br>গ্রেড-বি= ২ জন<br>গ্রেড-সি=১ জন | ৮৩.৩৪% |
| ৯ | ২০২০ | ১৬ জন | ১৬ জন | অটো পাশ | ১০০% |
| ১০ | ২০২১ | ১১ জন | ১১ জন | অটো পাশ | ১০০% |

## বিগত ১৭ বছরে এস,এস,সি পরীক্ষায় উত্তীর্ণ নিবাসীর তথ্যঃ

| ক্রমিক নং | শ্রেণীর বিবরণ | পরীক্ষার্থীর সংখ্যা | উত্তীর্ণের সংখ্যা | সন | পাশের সংখ্যা ও প্রাপ্ত গ্রেড |
|---|---|---|---|---|---|
| ১ | এস,এস,সি | ৫ জন | ৫ জন | ২০০৭ | ৩ জন গ্রেড 'এ'<br>১ জন গ্রেড 'বি'<br>১ জন গ্রেড 'এফ' |
| ২ | এস,এস,সি | ২ জন | ২ জন | ২০০৮ | ১ জন গ্রেড 'এ'<br>১ জন গ্রেড 'বি' |
| ৩ | এস,এস,সি | ৫ জন | ৫ জন | ২০০৯ | ৩ জন গ্রেড 'এ'<br>২ জন গ্রেড 'এ' মাইনাস |
| ৪ | এস,এস,সি | ৭ জন | ৭ জন | ২০১০ | ১ জন গ্রেড'এ+'<br>৩ জন গ্রেড 'এ'<br>২ জন গ্রেড 'এ-'<br>১ জন গ্রেড 'সি' |
| ৫ | এস,এস,সি | ৫ জন | ৫ জন | ২০১১ | ১ জন গ্রেড'এ+'(গোল্ডেন)<br>১ জন গ্রেড 'এ'<br>১ জন গ্রেড 'এ-'<br>১ জন গ্রেড 'সি'<br>১ জন ফেল (রসায়ন) |
| ৬ | এস,এস,সি | ৫জন | ৫ জন | ২০১২ | ১ জন গ্রেড'এ+'(গোল্ডেন)<br>৪ জন গ্রেড 'এ' |
| ৭ | এস,এস,সি | ১০ | ১০ জন | ২০১৩ | ১ জন 'এ+'<br>৮ জন গ্রেড 'এ'<br>১ জন গ্রেড 'এফ' |
| ৮ | এস,এস,সি | ৪ জন | ৪ জন | ২০১৪ | ৪ জন গ্রেড 'এ' |
| ৯ | এস,এস,সি | ৪ জন | ৪ জন | ২০১৫ | ১ জন গ্রেড 'এ+'<br>৩ জন গ্রেড এ |
| ১০ | এস,এস,সি | ১২ জন | ১২ জন | ২০১৬ | ১১ জন গ্রেড 'এ'<br>১ জন বি গ্রেড |
| ১১ | এস,এস,সি | ১২ জন | ১০ জন | ২০১৭ | ১০ জন গ্রেড 'এ'<br>২ জন এফ গ্রেড |
| ১২ | এস,এস,সি | ০৬ জন | ০৫ জন | ২০১৮ | ০৫ জন গ্রেড 'এ'<br>১জন এফ গ্রেড |
| ১৩ | এস,এস,সি | ০৫ জন | ০৫ জন | ২০১৯ | ০৫ জন গ্রেড 'এ'<br>০১ জন এফ গ্রেড |
| ১৪ | এস,এস,সি | ০৪ জন | ০৪ জন | ২০২০ | ০৩ জন গ্রেড 'এ'<br>০১ জন সি গ্রেড |
| ১৫ | এস,এস,সি | ০৪ জন | ০৪ জন | ২০২১ | ০৪ জন গ্রেড 'এ' |
| ১৬ | এস,এস,সি | ০৪ জন | ০৪ জন | ২০২২ | ০৩ জন গ্রেড 'এ'<br>০১ জন গ্রেড 'বি' |
| ১৭ | এস,এস,সি | ০৭ জন | ০৭ জন | ২০২৩ | ০২ জন গ্রেড ' এ+'<br>০৫ জন গ্রেড ' এ' |

## বিগত ২ বছরে এইচ,এস,সি পরীক্ষায় উত্তীর্ণ নিবাসীর তথ্যঃ

| ক্রমিক নং | শ্রেণীর বিবরণ | পরীক্ষার্থীর সংখ্যা | উত্তীর্ণের সংখ্যা | সন | পাশের সংখ্যা ও প্রাপ্ত গ্রেড |
|---|---|---|---|---|---|
| ১ | এইচ,এস,সি | ২ জন | ২ জন | ২০২১ | ১ জন গ্রেড 'এ+'<br>১ জন গ্রেড 'এ-' |
| ২ | এইচ,এস,সি | ২ জন | ২ জন | ২০২২ | ১ জন গ্রেড 'এ+'<br>১ জন গ্রেড 'এ' |

## ট্রেড ভিত্তিক নিবাসীর তথ্য ঃ

| ক্রমিক নং | ট্রেডের নাম | নিবাসীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | বিদ্যুৎ প্রশিক্ষণ (চলমান) | ১৪ জন | সাধারণ শিক্ষার পাশাপাশি প্রশিক্ষণরত |
| | ২০০৬ হতে এ পর্যন্ত প্রশিক্ষণ প্রাপ্ত নিবাসী | ১৮৩ জন | |
| | মোট প্রশিক্ষণ প্রাপ্ত নিবাসী | ১৮৩ জন | |
| ০২ | টাইপ ও কম্পিউটার (চলমান) প্রশিক্ষণ প্রাপ্ত নিবাসী | ১২ জন | সাধারণ শিক্ষার পাশাপাশি প্রশিক্ষণরত |
| | ২০০৬ হতে এ পর্যন্ত প্রশিক্ষণ প্রাপ্ত নিবাসী | ৩০৫ জন | |
| | মোট প্রশিক্ষণ প্রাপ্ত নিবাসী | ৩০৫ জন | |
| ০৩ | দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ (চলমান) | ০৭ জন | সাধারণ শিক্ষার পাশাপাশি প্রশিক্ষণরত |
| | ২০০৬ হতে এ পর্যন্ত প্রশিক্ষণ প্রাপ্ত নিবাসী | ১৮৯ জন | |
| | মোট প্রশিক্ষণ প্রাপ্ত নিবাসী | ১৮৯ জন | |

## উন্নয়ন কার্যক্রম সমুহের বিবরণ ঃ
*(ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক)*

১. প্রতিষ্ঠানের ৩.০০ একর আবাদী জমি হতে আয় এবং যমুনা ব্যাংক লিমিটেড, দিনাজপুর এ রক্ষিত ১৫ (পনের লক্ষ) টাকার এম,বি,এস (এফডিআর) হতে আয় দ্বারা প্রতিষ্ঠানের ৫ম হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত নিবাসীদের প্রাইভেট পড়ানোর ব্যবস্থা করা হয়েছে।

## প্রাতিষ্ঠানিক সম্পদঃ

| ক্রমিক নং | সম্পদের বিবরণ | সম্পদের পরিমান |
|---|---|---|
| ০১ | অনাবাদী জমি | **১৩.৯৪** একর (পরবর্তীতে **১২.৯৫২২** একর)<br>উক্ত জমির মধ্যে ঃ<br>ক) ভবন নং-১, নুতন আধুনিকীকরণ বিল্ডিং ৫ম তলা ও ৪র্থ ।<br>খ) ভবন নং-২, ২(দুই) তলা বিশিষ্ট (বর্তমানে শান্তি নিবাস ব্যবহার হচ্ছে)<br>গ) ৩ টি পুকুর রয়েছে । |
| ০২ | আবাদী জমি | ৩.০০ ( তিন) একর। |

আয়ের উৎস ঃ

১। প্রতিষ্ঠানের আবাদী জমি জেলা প্রশাসনের সহায়তায় ইজারা হতে আয় ।
২। যমুনা ব্যাংক লিমিটেড, দিনাজপুর শাখায় ১৫,০০,০০০/-টাকার এফ,ডি,আর হতে আয়।

ব্যয়ের খাত সমূহ ঃ

১। নিবাসীদের পুনর্বাসন ভাতা ।
২। নিবাসীদের প্রাইভেট পড়ানো ।
৩। মেধাবী ছাত্রদের পুরস্কৃত করণ ।
৪। জাতীয় দিবস সমূহ উদ্‌যাপন ।
৫। নিবাসীদের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ।
৬। নিবাসীদের বিভাগীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ।

প্রতিষ্ঠানের সম্পদের বিপরীতে আয়কৃত টাকা নিবাসীদের কল্যানার্থে ''কল্যান তহবিল ''অগ্রণী ব্যাংক লিমিটেড, মালদহপট্টি, দিনাজপুর শাখায় হিসাবে জমা করা হয়। উক্ত তহবিলের হিসাব জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের সভাপতিত্বে ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক ব্যয় করা হয় । কল্যাণ তহবিলের হিসাবটি উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় এবং উপতত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালক), রাজবাটী, দিনাজপুরের যৌথ স্বাক্ষরে পরিচালিত হয় ।

১২।(ক) ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটির রূপরেখা ঃ

১। জেলা প্রশাসক, দিনাজপুর ------------------------------------------------ ------------------ সভাপতি

২। সিভিল সার্জন, দিনাজপুর ------------------------------------------------------------------ সদস্য

৩। নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, দিনাজপুর(কোম্প)------------------------------------------ সদস্য

৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, দিনাজপুর ------------------------------------
সদস্য

৫। স্থানীয় মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত ১ জন প্রতিনিধি জনাব রায়হান কবির সোহাগ, সাংগঠনিক সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ, দিনাজপুর জেলা শাখা, দিনাজপুর-------------- সদস্য

৬। ২ জন বিশিষ্ট সমাজসেবক (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ১ জন পুরুষ ও ১ জন মহিলা)

১) জনাব জেসমিন আরা জোস্না, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর -------------- সদস্য

২) জনাব সারওয়ার আহমেদ বাবু, অ্যাডভোকেট, জেলা জজ কোর্ট, দিনাজপুর------------------ সদস্য

৭। পৌরসভার মেয়র কর্তৃক মনোনীত ১ জন প্রতিনিধি জনাব মাহমুদা বেগম (জোস্না), সাবেক কাউন্সিলর, দিনাজপুর পৌরসভা, দিনাজপুর ---------------------------------------- সদস্য

৮। উপতত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালক), রাজবাটী, দিনাজপুর ----------------------- সদস্য-সচিব

## (খ) দরপত্র মূল্যায়ন কমিটির রূপরেখা ঃ

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), দিনাজপুর | সভাপতি |
| ২। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর | সদস্য |
| ৩। | জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর | সদস্য |
| ৪। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, দিনাজপুর | সদস্য-সচিব |
| ৫। | জেলা মার্কেটিং অফিসার, দিনাজপুর | সদস্য |
| ৬। | উপজেলা সমাজসেবা অফিসার, সদর, দিনাজপুর | সদস্য |
| ৭। | উপতত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালক), দিনাজপুর | সদস্য |

## (ছ) দরপত্র খোলা কমিটির রূপরেখা ঃ

| | | |
|---|---|---|
| ১। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, দিনাজপুর | সভাপতি |
| ২। | জেলা মার্কেটিং অফিসার, দিনাজপুর | সদস্য |
| ৩। | উপতত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালক), রাজবাটী, দিনাজপুর | সদস্য-সচিব |

## *(ঘ) নিবাসী ভর্তি কমিটির রূপরেখাঃ*

| | | |
|---|---|---|
| ১। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, দিনাজপুর | সভাপতি |
| ২। | জেলা প্রশাসক, দিনাজপুর এর প্রতিনিধি | সদস্য |
| ৩। | সিভিল সার্জন, দিনাজপুর এর প্রতিনিধি | সদস্য |
| ৪। | জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর | সদস্য |
| ৫। | জনাব ছবি সিনহা, বিশিষ্ট সমাজকর্মী, দিনাজপুর | সদস্য |
| ৬। | উপতত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালক), দিনাজপুর | সদস্য-সচিব |

## নিবাসীদের সাপ্তাহিক খাদ্য মেনু /২০২৩-২৪ অর্থ বছর ঃ

| বারের নাম | সকালের নাস্তা | দুপুরের খাবার | বিকালের নাস্তা | রাতের খাবার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| রবিবার | ভাত<br>চাউল- ০.১২০<br>সবজি- ০.০৭০<br>মুশুর ডাল- ০.০০৬ | ভাত<br>চাউল- ০.১৫৫<br>গরুর মাংস/মাছ- ০.৭৫/০.১০০<br>সবজি - ০.১২০<br>মুশুর ডাল- ০.০০৫ | সুজি- ০.০২৫<br>চিনি- ০.০২৫<br>মুড়ি- ০.০১৫<br>গাভীর দুধ- ০.০৪৫ | ভাত<br>চাউল- ০.১৩৫<br>সবজি- ০.১৩০<br>মুশুর ডাল- ০.০০৭ | |
| সোমবার | ভাত<br>চাউল- ০.১২০<br>সবজি- ০.০৭০<br>মুশুর ডাল- ০.০০৬ | ভাত<br>চাউল- ০.১৫৫<br>ডিম- ১ টি<br>সবজি - ০.১২০<br>মুশুর ডাল- ০.০০৫ | কলা (মালভোগ) - ১ টি | ভাত<br>চাউল- ০.১৩৫<br>সবজি- ০.১৩০<br>মুশুর ডাল- ০.০০৭ | |
| মঙ্গলবার | খিচুরী<br>চাউল- ০.১২০<br>সবজি- ০.০৭০<br>মুশুর ডাল- ০.০০৬ | ভাত<br>চাউল- ০.১৫৫<br>সবজি - ০.১৫০<br>মুশুর ডাল- ০.০০৫<br>শুটকী মাছ- ০.১৫০ | ছোলা- ০.০৩০<br>মুড়ি- ০.০৩০ | ভাত<br>চাউল- ০.১৩৫<br>সবজি- ০.১৩০<br>মুশুর ডাল- ০.০০৭ | |
| বুধবার | ভাত<br>চাউল- ০.১২০<br>সবজি- ০.০৭০<br>মুশুর ডাল- ০.০০৬ | ভাত<br>চাউল- ০.১৫৫<br>মুরগীর মাংস- ০.০৯০<br>সবজি - ০.১২০<br>মুশুর ডাল- ০.০০৫ | সিংড়া/সমুচা-১টি | ভাত<br>চাউল- ০.১৩৫<br>সবজি- ০.১৩০<br>মুশুর ডাল- ০.০০৭ | |
| বৃহস্পতিবার | ভাত<br>চাউল- ০.১২০<br>সবজি- ০.০৭০<br>মুশুর ডাল- ০.০০৬ | ভাত<br>চাউল- ০.১৫৫<br>ডিম- ১ টি<br>সবজি - ০.১২০<br>মুশুর ডাল- ০.০০৫ | পেয়ারা- ১ টি | ভাত<br>চাউল- ০.১৩৫<br>সবজি- ০.১৩০<br>মুশুর ডাল- ০.০০৭ | |
| শুক্রবার | খিচুরী<br>চাউল- ০.১২০<br>সবজি- ০.০৭০<br>মুশুর ডাল- ০.০০৬ | ভাত<br>চাউল- ০.১৫৫<br>মুরগীর মাংস- ০.০৯০<br>সবজি - ০.১২০<br>মুশুর ডাল- ০.০০৫ | সুজি- ০.০২৫<br>চিনি- ০.০২৫<br>মুড়ি- ০.০১৫<br>গাভীর দুধ- ০.০৪৫ | ভাত<br>চাউল- ০.১৩৫<br>সবজি- ০.১৩০<br>মুশুর ডাল- ০.০০৭ | |
| শনিবার | ভাত<br>চাউল- ০.১২০<br>সবজি- ০.০৭০<br>মুশুর ডাল- ০.০০৬ | ভাত<br>চাউল- ০.১৫৫<br>সবজি - ০.১৫০<br>মুশুর ডাল- ০.০০৫<br>শুটকী মাছ- ০.১৫০ | ছোলা- ০.০৩০<br>মুড়ি- ০.০৩০ | ভাত<br>চাউল- ০.১৩৫<br>সবজি- ০.১৩০<br>মুশুর ডাল- ০.০০৭ | |

মাসিক বরাদ্দ=৩,০০০/-সাপ্তাহিক বরাদ্দ=৬৭৭.৪০, দৈনিক বরাদ্দ=৯৬.৭৭

প্রতি মাসে গরুর মাংস =০২ দিন , মুরগির মাংস=০৯ দিন, মাছ=০৩ দিন

ডিম =০৯ দিন।

বিঃ দ্রঃ ঈদ-উল-ফিতর, ঈদ-উল-আযহা, রমজান মাসে ইফতারি, মৌসুমী ফলমুল এবং বিভিন্ন জাতীয় দিবস সমূহে উন্নতমানের খাবার পরিবেশন করা হয়।

*দৃষ্টি আকর্ষণ ঃ*

সরকারি শিশু পরিবার (বালক), রাজবাটী, দিনাজপুর এর নিবাসীদের সার্বিক মান উন্নয়নের জন্য সুপারিশ মালাঃ-

১। শিক্ষার মান উন্নয়নের নিমিত্তে "সহকারী শিক্ষক" এর পদ সৃজন।

২। শিশুদের মনস্তাতিক উন্নয়নের নিমিত্তে "কাউন্সেলর" পদ সৃজন।

৩। প্রতিষ্ঠান পরিস্কার পরিচ্ছন্নতার জন্য "পরিচ্ছন্ন কর্মী" এর পদ সৃজন।

৪। "শরীর চর্চা শিক্ষক" এর পদ সৃজন।

৫। প্রতিষ্ঠানের অভ্যন্তরে ছোট শিশুদের চিত্র বিনোদনের জন্য "মিনি পার্ক" স্থাপন।

৬। প্রতিষ্ঠানের জরুরী প্রয়োজনে যাতায়াতের নিমিত্তে মাইক্রো বাস/মিনি বাস এর ব্যবস্থাকরণ। (যেমনঃ চিকিৎসা, জাতীয় দিবসে যাতায়াত ইত্যাদি)

৭। দ্রব্যমূল্য বৃদ্ধির সাথে সামঞ্জস্য রেখে নিবাসীদের মাথাপিছু খোরাকী ও আনুষাঙ্গিক বরাদ্দ বৃদ্ধি করা প্রয়োজন।

উপতত্ত্বাবধায়ক
সরকারি শিশু পরিবার (বালক)
রাজবাটী, দিনাজপুর ।
☎ ০২৫৮৯৯২১৫৫০।